গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩।

নং: ১০.০০.০০০০.১২৭.২৭.০১৫.১৯.৬৮৭

তারিখ: ০৮ আশ্বিন ১৪৩২ / ২৩ সেপ্টেম্বর ২০২৫

## প্রজ্ঞাপন

যেহেতু, গাইবান্ধার সাবেক অতিরিক্ত জেলা ও দায়রা জজ বর্তমানে আইন ও বিচার বিভাগে সংযুক্ত কর্মকর্তা (অতিরিক্ত জেলা জজ) জনাব মোঃ আলমগীর কবির রাজ এর বিরুদ্ধে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (শৃঙ্খলা) বিধিমালা, ২০১৭ এর বিধি ২ (চ) অনুযায়ী অসদাচরণের অভিযোগে ০২/২০২১ নং বিভাগীয় মামলা রুজু করা হয়; এবং

যেহেতু, জনাব মোঃ আলমগীর কবির রাজ এর বিরুদ্ধে রুজুকৃত ০২/২০২১ নং বিভাগীয় মামলায় তাঁকে **"ভবিষ্যত পদোন্নতি বন্ধকরণ"** দণ্ড আরোপের প্রস্তাব বাংলাদেশ সুপ্রীম কোর্টে প্রেরণ করা হলে বাংলাদেশ সুপ্রীম কোর্ট সরকারের প্রস্তাবের সাথে একমত পোষণ করে;

সেহেতু, বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে গাইবান্ধার সাবেক অতিরিক্ত জেলা ও দায়রা জজ বর্তমানে আইন ও বিচার বিভাগে সংযুক্ত কর্মকর্তা (অতিরিক্ত জেলা জজ) জনাব মোঃ আলমগীর কবির রাজ-কে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (শৃঙ্খলা) বিধিমালা, ২০১৭ এর বিধি ১৬ (খ) (২) অনুযায়ী **"ভবিষ্যত পদোন্নতি বন্ধকরণ"** দণ্ড প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২৩/৯/২৫
(লিয়াকত আলী মোল্লা)
সচিব (চলতি দায়িত্ব)।

নং: ১০.০০.০০০০.১২৭.২৭.০১৫.১৯.৬৮৭

তারিখ: ০৮ আশ্বিন ১৪৩২ / ২৩ সেপ্টেম্বর ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) ঃ

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা
২। জনাব মোঃ আলমগীর কবির রাজ, সংযুক্ত কর্মকর্তা (অতিরিক্ত জেলা জজ), আইন ও বিচার বিভাগ
৩। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ
৫। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-৫, আইন ও বিচার বিভাগ
৬। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা
(উপরের প্রজ্ঞাপনটি গেজেটে প্রকাশ করতে অনুরোধ করা হলো)
৭। জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
৮। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা
৯। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস/জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার,
১০। হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ
১১। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

২৩.০৯.২৫
(মোহাম্মদ মনিরুজ্জামান)
সিনিয়র সহকারী সচিব
ফোন-২২৩৩৫৬৬৩১